

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৬৪

১/ বিবিধ

আরবী

إذا أعطى أحدكم الريحان فلا يردّه، فإنه خرج من الجنة  
ضعيف

رواه الترمذي (4 / 18) عن حنان عن أبي عثمان النهدي مرفوعا، وقال: " هذا حديث  
غريب حسن، ولا نعرف لحنان غير هذا الحديث، وأبو عثمان النهدي قد أدرك زمان  
النبي صلى الله عليه وسلم ولم يره، ولم يسمع منه  
قلت: وحنان في عداد المجهولين، فالحديث له علتان: الجهالة والإرسال، فهو ضعيف  
فتحسين الترمذي له مع استغرابه إياه مستغرب! ، والمناوي إنما نقل عنه الاستغراب  
فقط، وكذلك هو في نسخة بولاق من " الترمذي " (2 / 130) فلعله الصواب، والله  
أعلم

(تنبيه) : ثم إنني أقول: قد يشكل على بعض القراء استغرابي المذكور، وجوابا عليه  
أقول: وجه ذلك أن جمع الترمذي بين لفظتي " غريب " و " حسن " إنما يعني في  
اصطلاحه أنه حسن لذاته بخلاف ما لو قال: " حديث حسن " فقط، دون لفظة "  
غريب " فإنه يعين أنه حسن لغيره، وبخلاف ما لو قال: " حديث غريب " فقط، فإنما  
يعني أن إسناده ضعيف ولذلك رجحت الاستغراب فقط، لأن الإرسال ينافي الحسن  
لذاته عند المحدثين، لاسيما إذا كان في الإسناد جهالة. فاحفظ هذا فإنه هام

বাংলা

৭৬৪। তোমাদের কাউকে যদি সুগন্ধি দেয়া হয়, তাহলে সে যেন তা ফেরৎ না দেয়; কারণ তা জান্নাত হতে বেরিয়ে এসেছে।

হাদীছটি দুর্বল।

এটি তিরমিযী (৪/১৮) হান্নান হতে তিনি আবু উছমান আন-নাহদী হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ এ হাদীছটি হাসান গারীব। এটি ছাড়া হান্নানের অন্য কোন হাদীছ সম্পর্কে আমরা জানি না। আর আবু উছমান আন-নাহদী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগ পেয়েছেন কিন্তু তিনি তাকে দেখেননি এবং তার থেকে শুনেননি।

আমি (আলবানী) বলছিঃ হান্নান মাজহুলদের অন্তর্ভুক্ত। হাদীছটির সমস্যা দুটিঃ জাহালাত এবং মুরসাল হওয়া। গারীব বলা সত্ত্বেও তিরমিযী কর্তৃক হাসান বলা আজব ব্যাপার। তিরমিযী হতে মানবী শুধুমাত্র গারীব হওয়ার কথাই উল্লেখ করেছেন। তিরমিযীর বুলাক ছাপাতে তাই এসেছে। সম্ভবত শুধুমাত্র গারীব হওয়াটাই সঠিক।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71643>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন